রেজিস্ট্রার
বাংলাদেশ নার্সিং কাউন্সিল
২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী
(সাবেক ৮৬ বিজয় নগর), ঢাকা-১০০০
T +88 (02) 956 1116
rgtr_bnc@bangla.net

# নৈতিক ও
# পেশাগত আচরণবিধি

## রেজিস্টার্ড
## নার্স
## ধাত্রী ও
## পরিবার কল্যাণ পরিদর্শিকাদের জন্য






কৃতজ্ঞতাস্বীকার ঃ

মুহঃ ফজলুর রহমান
সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুহঃ নুরুজ্জামান খান
যুগ্ম-সচিব (নার্সিং, জিআই এবং হাসপাতাল)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নাসরিন সুলতানা
সিনিয়র সহকারী সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ফারহিনা আহমেদ
সিনিয়র সহকারী সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এম এস হক
ইনডিপেন্ডেন্ট ন্যাশনাল কনসালটেন্ট

ডিপার্টমেন্ট ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট, ইউ কে

---

প্রকাশক ঃ রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল
প্রকাশকাল ঃ মে, ২০০৩ খ্রীস্টাব্দ
কম্পোজ ও মুদ্রণ ঃ প্রোগ্রেস ওয়ার্কস, ৩২ পুরানা পল্টন (৫ম তলা), ঢাকা -১০০০
ফোন ঃ ৯৫৬ ৪৫৭৬, progress@bdonline.com

# নৈতিক ও পেশাগত আচরণবিধি

## রেজিস্টার্ড নার্স ধাত্রী ও পরিবার কল্যাণ পরিদর্শিকাদের জন্য

বাংলাদেশ নার্সিং কাউন্সিল

## ১ ভূমিকা
## নৈতিক ও পেশাগত আচরণ

১.১ বাংলাদেশ নার্সিং কাউন্সিল (বিএনসি) দেশের সকল রেজিস্টার্ড/নিবন্ধীকৃত নার্স, ধাত্রী ও পরিবার কল্যাণ পরিদর্শিকার নৈতিক ও পেশাগত আচরণের মান উন্নয়নের লক্ষ্যে এই আচরণবিধি প্রণয়ন করেছে।

১.২ এই আচরণবিধি বিএনসি নিবন্ধীকৃত সকল পেশাজীবীদের কাছ থেকে প্রত্যাশিত মৌলিক মূল্যবোধসমূহ সনাক্ত এবং তাদের আচরণের মান নির্ধারণ করেছে।

১.৩ এই আচরণবিধি উক্ত পেশাগুলোর আইনানুগ নিয়ন্ত্রণের জন্য একটি কাঠামো হিসেবে কাজ করবে এবং পেশাগত ধারাবাহিক উন্নয়ন, স্ব-মূল্যায়ন ও পিয়্যার রিভিউ-এর ভিত্তি স্থাপন করবে।

১.৪ নৈতিক ও পেশাগত আচরণবিধির উদ্দেশ্য হল ঃ
ব্যক্তিগত ও পেশাগত জবাবদিহিতা অনুশীলনের ক্ষেত্রে পেশাগত আচরণের মান সম্পর্কে তাদেরকে অবহিত করা

এবং



## 1 Introduction
## Ethics & Professional Conduct

1.1 The Code of Ethics & Professional Conduct for the Nursing, Midwifery and Family Welfare Visiting professions in Bangladesh, has been developed by the Bangladesh Nursing Council to strengthen the ethical and professional conduct of all Nurses, Midwives and Family Welfare Visitors (FWV) registered with the Bangladesh Nursing Council.

1.2 It identifies the core values and establishes the standards of conduct that are expected of all those on the BNC register.

1.3 The Code acts as a framework for regulation of the professions as well as the basis for continuing professional development, self evaluation and peer review.

1.4 The purpose of the Code of Ethics & Professional Conduct is to:
Inform the professions of the standards of professional conduct expected of them in the exercise of their personal and professional accountability

AND

প্রত্যেক রেজিস্টার্ড নার্স, ধাত্রী ও পরিবার কল্যাণ পরিদর্শিকার কাছ থেকে প্রত্যাশিত পেশাগত আচরণের মান সম্পর্কে জনসাধারণকে অবহিত করা

এবং

পেশাগত আচরণের মানদণ্ড নির্ধারণের ভিত্তি সম্পর্কে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও সংস্থাসমূহকে অবহিত করা।

১.৫ অতএব প্রত্যেক রেজিস্টার্ড নার্স, ধাত্রী ও পরিবার কল্যাণ পরিদর্শিকা সর্বক্ষণ এমনভাবে কাজ করে যাবেন যার লক্ষ্য হবে ঃ

* প্রত্যেক রোগীর ব্যক্তিগত স্বার্থ বিপদমুক্ত রাখা ও রক্ষা করা
* সমাজের স্বার্থে কাজ করা
* জনসাধারণের বিশ্বাস ও আস্থা অর্জন করা
* পেশাগত সুনাম ও ভাবমূর্তি অক্ষুণ্ণ ও সমুন্নত রাখা।



Inform the public of the standards of professional conduct they can expect of a registered Nurse, Midwife and Family Welfare Visitor

AND

Provide appropriate bodies with a basis for decisions regarding standards of professional conduct.

1.5 Therefore each registered Nurse, Midwife and Family Welfare Visitor shall act at all times in such manner as to:

* Safeguard and protect the interests of individual patients/clients
* Serve the interests of society
* Justify public trust and confidence
* Uphold and enhance the good standing and reputation of the profession.

## ২ নৈতিক ও পেশাগত আচরণবিধি

### শাখা ক নার্স/ ধাত্রী/ পরিবার কল্যাণ পরিদর্শিকা ও তাদের রোগীসমূহ

### ২.১ ধারা ১
**প্রত্যেক রোগীকে একজন স্বতন্ত্র ব্যক্তি হিসেবে গণ্য ও সম্মান করা**

- প্রত্যেক রোগীকে একজন স্বতন্ত্র ব্যক্তি হিসেবে সেবা দিয়ে তার অনন্যতাকে স্বীকৃতি দিন ও সম্মান করুন
- প্রত্যেক রোগীকে একজন সেবাগ্রহীতা হিসেবে গ্রহণ করুন
- রোগীর/সেবাগ্রহীতার ব্যক্তিগত স্বাস্থ্যসেবার প্রয়োজনে সাড়া দিন
- রোগীর/সেবাগ্রহীতার ব্যক্তিগত ইচ্ছার প্রতি সম্মান প্রদর্শন করুন
- রোগীর/সেবাগ্রহীতার যত্ন করা আপনার দায়িত্ব—এ কথা মনে রাখুন
- রোগীর/সেবাগ্রহীতার সম্মতি ছাড়া কোন কাজ করবেন না।

### ২.২ ধারা ২
**রোগীর প্রতি সহানুভূতিপূর্ণ ও সংবেদনশীল আচরণ প্রদর্শন করা**

- রোগীর ব্যক্তিগত চাহিদা পূরণের লক্ষ্যে কাজ করুন



## 2 Code of Ethics & Professional Conduct

### Section A Nurses/ Midwives/ FWVs and their Patients/ Clients

### 2.1 Clause 1
**Treat the patient as an individual and with respect**

- Recognize and respect the uniqueness of each patient/client by treating them as an individual
- Recognise that the patient is the client
- Respond to the individual patient's/ client's care needs
- Respect the individual wishes of the patient/client
- Recognize that you are responsible to the patient/client for their care
- Do not act without the patient's/client's consent.

### 2.2 Clause 2
**Demonstrate sympathetic and sensitive behaviour towards the patient**

- Act in a way responsive to the individual patient's/client's need

- যত্ন ও সংবেদনশীলতার সাথে রোগীকে, বিশেষ করে যারা বেশি অসহায় তাদেরকে সেবা দিন
- যথাযথ ভদ্রতার সাথে রোগীর সঙ্গে যোগাযোগ করুন
- রোগীর সাথে নমনীয় কণ্ঠে কথা বলুন
- রোগীকে পর্যাপ্ত সময় দিন এবং তার প্রয়োজনের কথা মনোযোগ সহকারে শুনুন
- নারী-পুরুষ নির্বিশেষে রোগীর প্রয়োজন অনুযায়ী সেবা প্রদান করুন।

## ২.৩ ধারা ৩
## সর্বদা রোগীর গোপনীয়তা ও প্রাইভেসি রক্ষা করা

- রোগীর সব ধরনের মৌখিক ও লিখিত তথ্য সম্পর্কে গোপনীয়তা রক্ষা করুন
- কোন বিশেষ উদ্দেশ্যে (যেমন– আদালতের আদেশের প্রেক্ষিতে) রোগীর  কোন তথ্য প্রকাশ প্রয়োজনীয় হলে সেক্ষেত্রে রোগীর নাম উহ্য রাখুন
- রোগীর ব্যক্তিগত গোপনীয়তা সব সময় রক্ষা করা হচ্ছে এ ব্যাপারে নিশ্চিত হয়ে নিন।
- রোগীর/সেবাগ্রহীতার সকল নথিপত্র সুষ্ঠুভাবে সংরক্ষণ করুন
- তথ্য সংরক্ষণের বিধিনিষেধ মেনে চলুন।



- Handle patients/clients in a caring and sensitive manner ensuring compassionate care especially to most vulnerable groups
- Communicate with the patient in an appropriate manner
- Use the appropriate tone of voice with the patients
- Give patients time and listen to their needs
- Provide gender sensitive patient care.

## 2.3 Clause 3
## Maintain the confidentiality and the privacy of the patient at all times

- Safeguard the confidentiality of all patient information both verbal and written
- Maintain the anonymity of the patient if required to disclose any information for particular purposes about the patient i.e., court order etc
- Ensure the patient's privacy is maintained at all times
- Safeguard the patient's/client's records
- Comply with any data protection requirements.

## ২.৪ ধারা ৪

### সকল রোগীকে জাতি, ধর্ম, বর্ণ, নারী-পুরুষ (জেন্ডার), বয়স বা অর্থনৈতিক শ্রেণী নির্বিশেষে সমান সেবা প্রদান করা

- সকলকে সমভাবে সেবাযত্ন প্রদান করুন
- সকল রোগীর/সেবাগ্রহীতার প্রতি সমভাবে সম্মান প্রদর্শন করুন
- প্রত্যেক রোগীর/সেবাগ্রহীতার নিজ নিজ বিশ্বাস, ধর্ম, সংস্কৃতি ইত্যাদিকে সম্মান করুন।

## ২.৫ ধারা ৫

### রোগীর/সেবাগ্রহীতার সেবা সংক্রান্ত সকল বিষয়ে পরামর্শকের ভূমিকা পালন করা

- রোগীর/সেবাগ্রহীতার সমস্যা মনোযোগ সহকারে শুনুন এবং তার স্বার্থ রক্ষার্থে কাজ করুন
- রোগীর/সেবাগ্রহীতার অধিকার বা আরোগ্যলাভ খর্ব করে এমন কোন অন্তর্দ্বন্দ্ব রোগীদের মধ্যে বিরাজ করলে নিরসন করুন
- রোগী নিজে নিজে সিদ্ধান্ত গ্রহণে অসমর্থ হলে, তার ঘনিষ্ঠ উপযুক্ত কারো সঙ্গে পরামর্শ করুন; তবে নিশ্চিত হোন যে এ ক্ষেত্রে রোগীর কোন পূর্ব ইচ্ছা থাকলে তা যেন বিবেচনা করা হয়



## 2.4 Clause 4

### Serve all patients equally regardless of religion, gender, age, race, nationality or economical class

- Provide nursing care to all in an equal manner
- Demonstrate equal respect for all your patients/clients
- Respect the uniqueness of every patient's/client's particular beliefs, religion, culture etc.

## 2.5 Clause 5

### Act as the patient's/client's advocate in all matters relating to their care

- Listen to the patient's/client's concerns and act in their best interests
- Resolve interpatient/client conflict which may interfere with the patient's/client's rights or recovery
- If the patient lacks the ability to make decisions of their own, consult relevant people close to the patient but ensure that any previous wishes of the patient are taken into account

- নিজ স্বার্থ রক্ষায় অসহায় ও অপারগ রোগীদের হেফাজত করুন

- কোন বিশেষ ব্যবস্থা গ্রহণ বা পরিবর্তনের ক্ষেত্রে রোগীর উপর অবৈধভাবে চাপ সৃষ্টি করা থেকে রোগীকে রক্ষা করুন
- অসহায় রোগীরা সুরক্ষিত আছে এবং তাদের বিশেষ চাহিদা পূরণ করা হচ্ছে, এ ব্যাপারে নিশ্চিত হোন।

### ২.৬ ধারা ৬
### রোগীর/সেবাগ্রহীতার ডায়াগনোসিস, চিকিৎসা ও চিকিৎসার অগ্রগতি বিষয়ক তথ্য জানার আইনগত অধিকারের প্রতি সম্মান প্রদর্শন করা

- রোগীর স্বাস্থ্যরক্ষা ও সুস্থ থাকার ব্যাপারে প্রাসঙ্গিক সকল তথ্য সম্পর্কে রোগীকে অবহিত করুন
- প্রাসঙ্গিক ও নির্ভুল তথ্য সরবরাহের মাধ্যমে রোগীকে তার সেবা বেছে নেওয়ার ব্যাপারে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করতে সাহায্য করুন

- কোন রোগী চিকিৎসা সেবা গ্রহণে অনিচ্ছুক হলে, তার ইচ্ছার প্রতি সম্মান প্রদর্শন করুন
- আইনানুগ ব্যবস্থা গ্রহণে সাহায্য করতে পারে এমন প্রমাণ, বক্তব্য যথাশীঘ্র কর্তৃপক্ষের নজরে আনুন।



- Defend patients who may be vulnerable and incapable of protecting their own interests
- Safeguard the patient from undue coercion to accept or change a particular course of action
- Ensure that vulnerable patients are well protected and their particular needs met.

### 2.6 Clause 6
### Respect the legal right of the patients/clients to be informed about their diagnosis, treatment and prognosis

- Keep the patient informed in all matters relevant to their health and well being
- Enable the patient to make informed choices about their care by providing them with relevant and accurate information
- Respect the patient's autonomy to refuse treatment if they so wish
- Bring to the immediate attention of the authorities any evidence, statements that could help in the course of the legal process.

## শাখা খ নার্স/ ধাত্রী/ পরিবার কল্যাণ পরিদর্শিকা এবং তাদের প্র্যাকটিস

### ২.৭ ধারা ৭

### রোগীর দ্রুত আরোগ্যলাভ, জটিলতারোধ ও কল্যাণের লক্ষ্যে নিরাপদ পরিবেশ প্রদান করা

- নিরাপদ পরিবেশে সেবা প্রদান করুন
- রোগীকে তার নিজের অথবা অন্যের ক্ষতি সাধন থেকে বিরত রাখুন
- কোন ঝুঁকি থেকে রোগীকে রক্ষার জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করুন
- রোগীর নিরাপত্তা বিঘ্নিত হতে পারে এমন পরিস্থিতি সম্পর্কে উর্ধ্বতন কর্তৃপক্ষকে সঙ্গে সঙ্গে অবহিত করুন।

### ২.৮ ধারা ৮

### সর্বদা সেবার ও পেশাগত যত্নের মৌলিক মান ধরে রাখার চেষ্টা করা

- সর্বসম্মতভাবে গৃহীত সেবার মান বহাল রাখুন এবং সে অনুযায়ী সেবা প্রদান করুন
- সেবা প্রদানকারী দলের সবাই যেন গৃহীত মানদণ্ড বজায় রাখে তা নিশ্চিত করুন
- আপনার দায়িত্বের মধ্যে, নিরাপদ সেবা প্রদানের জন্য সঠিক যন্ত্রপাতি ও সেবা পাওয়া যাবে এ ব্যাপারে নিশ্চিত হোন



## Section B Nurses/Midwives/FWV and their Practice

### 2.7 Clause 7

### Provide a safe environment to promote early recovery, prevention of complications and well being of the patient

- Provide nursing care in a safe environment
- Prevent the patient from harming themselves or others
- Act quickly to protect the patient from risk
- Report to a senior authority, circumstances that could/would jeopardize patient safety.

### 2.8 Clause 8

### Uphold basic standard of nursing and professional care at all times

- Maintain and deliver agreed standards of nursing care
- Ensure others in the team adhere to the agreed standards
- Ensure, within your sphere of responsibility, the appropriate equipment and service are available to provide safe care

- অনুপযুক্ত সেবা থেকে রোগীকে রক্ষা করুন
- সর্বদা রোগীর মান-মর্যাদা রক্ষা করুন ও বজায় রাখুন।

### ২.৯ ধারা ৯
### আইনসম্মতভাবে প্রদত্ত অধিকার ছাড়া কোন রকম নার্সিং প্র্যাকটিস না করা

- রোগীর জন্য নির্ধারণ করা হয়নি এমন কোন সেবা প্রদান করবেন না
- সঠিক মাত্রায় সঠিক ঔষধ প্রয়োগ করা হচ্ছে এ বিষয়ে নিশ্চিত হোন
- সহকারী নার্সদের সঠিকভাবে তত্ত্বাবধান করা হচ্ছে এ বিষয়ে নিশ্চিত হোন।

### ২.১০ ধারা ১০
### প্রয়োজনীয় দক্ষতা ছাড়া কোন নার্সিং প্র্যাকটিস না করা

- যে সেবা প্রদানের জন্য আপনি যথাযথভাবে প্রশিক্ষণপ্রাপ্ত নন সে সেবা প্রদান করবেন না
- অতিরিক্ত প্রশিক্ষণপ্রাপ্ত না হলে, নার্সিং পাঠক্রমের আওতাভুক্ত নয় এমন কোন সেবা প্রদান করবেন না
- যে সকল সেবা প্রশিক্ষণপ্রাপ্ত নার্স বা ধাত্রীর প্রদান করার কথা সেগুলো যেন কোন সহকারী নার্স প্রদান না করেন, এ বিষয়ে নিশ্চিত হোন
- চিকিৎসা সংক্রান্ত কোন পরামর্শ দেবেন না।



- Safeguard the patient against incompetent practice
- Maintain and preserve the dignity of the patient at all times.

### 2.9 Clause 9
### Do not undertake any nursing practice without required authority

- Do not provide care that has not been specified for the patient
- Ensure correct medicines are administered
- Ensure nursing assistants are properly supervised.

### 2.10 Clause 10
### Refrain from undertaking any nursing practice for which you do not have the necessary skills

- Do not undertake care for which you have not been properly prepared
- Do not provide care that is not within the Nursing/Midwifery/FWV curriculum unless additional training has been given
- Ensure nursing assistants do not provide care that should be provided by a qualified Nurse or Midwife
- Do not offer medical advice.

## ২.১১ ধারা ১১

### চিকিৎসা ও সেবা সংক্রান্ত যে কোন অনৈতিক কাজে অংশগ্রহণ করা থেকে বিরত থাকা

- এথিকেল কমিটি কর্তৃক অনুমোদিত হয় নি এমন কোন গবেষণা কাজে অংশগ্রহণ করবেন না
- ডাক্তার বা প্রফেশনাল টিমের অন্য কোন সদস্যের আদেশের ফলে যদি কোন রোগীর অনৈতিক চিকিৎসা হয়, তবে সে আদেশ কার্যকর করবেন না
- নৈতিক সমস্যাবলী নিরসন করার ক্ষেত্রে আপনার জ্ঞান ও অভিজ্ঞতা অপরের সঙ্গে শেয়ার করুন
- কোন পণ্যের প্রচার কর্মকাণ্ডে নিজেকে যুক্ত করবেন না।

## ২.১২ ধারা ১২

### রোগী নিজের বা অন্য কারো জন্য বিপজ্জনক হয়ে উঠলে, ঐ অবস্থায় যথাযথ প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলা

- কোন রোগী/সেবাগ্রহীতাকে প্রতিহত করবেন না: তবে এটা (প্রতিহত করা) যদি তার নিজের বা অন্য সেবাগ্রহীতার নিরাপত্তার জন্য একান্ত প্রয়োজনীয় হয় তবে করবেন
- এমন সব প্রতিরোধ কৌশল শিখুন এবং ব্যবহার করুন যেগুলো রোগীর জন্য ক্ষতিকর নয়
- যদি কোন রোগীর দ্বারা অন্য রোগীর/সেবাগ্রহীতার ক্ষতি হওয়ার সম্ভাবনা থাকে তবে তাকে আলাদা করে রাখুন।



## 2.11 Clause 11

### Refuse to participate in any unethical medical and nursing practice

- Do not participate in research activities unless approved by the Ethical committee
- Do not carry out the instructions of a doctor or other members of the professional team, if they will result in unethical treatment of a patient
- Share knowledge and expertise to resolve ethical dilemmas
- Do not engage in advertising products.

## 2.12 Clause 12

### Use appropriate restraint only in situations where the patient/client is in danger of harming themselves or others

- Do not restrain a patient/client unless absolutely essential for their own protection and the protection of other patients/clients
- Learn and only use restraint techniques that will not harm the patient/client
- Isolate the patient/client if there is the potential for harm to other patients/clients.

## শাখা গ নার্স/ ধাত্রী/ পরিবার কল্যাণ পরিদর্শিকা ও তাদের পেশা

### ২.১৩ ধারা ১৩

**রোগী, রোগীর আত্মীয় বা শুশ্রূষাকারী কোন ব্যক্তির কাছ থেকে কোন টাকা-পয়সা বা উপহার সামগ্রী না চাওয়া/ গ্রহণ না করা**

- সেবার বিনিময়ে কোন প্রকার টাকা-পয়সা, উপহার বা ধার চাইবেন না কিংবা গ্রহণ করবেন না
- আর্থিক লাভের জন্য কোন পেশাগত বিজ্ঞাপনী অথবা প্রচারমূলক কর্মকাণ্ডে নিজেকে যুক্ত করবেন না
- নার্সিং প্র্যাকটিসের উপর প্রভাব বিস্তার করতে পারে এ জাতীয় অর্থকরী বিবেচনা এড়িয়ে চলুন।

### ২.১৪ ধারা ১৪

**যথাযথ প্রশিক্ষণ ও পেশাগত উন্নয়নের মাধ্যমে পেশা বিষয়ক জ্ঞান ধরে রাখা ও প্রসারিত করার দায়িত্ব নেওয়া**

- পেশাগত জ্ঞান নিয়মিতভাবে হালনাগাদ রাখার ব্যাপারে ব্যক্তিগতভাবে দায়িত্ব গ্রহণ করুন
- আপনার কর্মক্ষেত্রের সঙ্গে সম্পর্কিত সর্বশেষ গবেষণা কাজ সম্পর্কে ওয়াকিবহাল থাকুন
- জাতীয় পর্যায়ে স্বাস্থ্য ও নার্সিং নীতিমালা সম্পর্কে ওয়াকিবহাল থাকুন।



## Section C Nurses/Midwives/FWVs and their Profession

### 2.13 Clause 13

**Do not accept or request money or gifts of any kind from the patient or their family or carers**

- Do not ask for or accept money, gifts or loans in exchange for delivery of services
- Do not engage in professional advertising or promotional activities for financial gain
- Avoid financial considerations influencing one's nursing care practice.

### 2.14 Clause 14

**Take responsibility to maintain and extend your own professional knowledge through appropriate professional development and training**

- Take personal responsibility for updating your professional knowledge regularly
- Be aware of the latest research practices in you relevant area of practice
- Make sure you are aware of the National Health and professional policy issues.

## ২.১৫ ধারা ১৫

### হাসপাতালে অথবা কারো তত্ত্বাবধানে/ নিয়ন্ত্রণে আছে এমন কোন সম্পদের অপব্যবহার না করা

- আপনার নিয়ন্ত্রণাধীন কোন সম্পদ জেনে শুনে নষ্ট করবেন না
- রোগী বা আপনার নিয়োগকারীর কোন জিনিস অপসারণ করবেন না
- আপনার সেবাকর্মে ব্যবহৃত সকল যন্ত্রপাতির সঠিক ব্যবহার নিশ্চিত করুন।

## ২.১৬ ধারা ১৬

### পেশার বদনাম হতে পারে এমন কোন কর্মকাণ্ডের সঙ্গে জ্ঞাতসারে জড়িত না হওয়া

- রোগীর সাথে কোন রকম ব্যক্তিগত সম্পর্কে জড়িত হবেন না
- অবৈধ কর্মকাণ্ডে জড়িত হবেন না
- রোগীর/সেবাগ্রহীতার বা আপনার সহকর্মীদের সাথে উগ্র আচরণ করবেন না
- জ্ঞাতসারে রোগীর ক্ষতি বা যন্ত্রণার কারণ হবেন না
- রোগী/সেবাগ্রহীতার, রোগীর শুশ্রূষাকারী, আপনার সহকর্মী বা নিয়োগকারীর কোন জিনিস অপসারণ করবেন না
- রোগী ও আপনার সহকর্মীদের সাথে যথাযথ ও ন্যায্য আচরণ করুন।



## 2.15 Clause 15

### Do not misuse hospital or any property under ones care or control

- Do not knowingly damage property in your control
- Do not take away anything from the patient/client or your employer
- Ensure in your practice the correct use of all equipment.

## 2.16 Clause 16

### Do not knowingly engage in any activities which are likely to bring the profession into disrepute

- Do not engage in a relationship with the patient
- Do not engage in illegal activities
- Do not behave in a violent way towards your patient/client or your colleagues
- Do not knowingly harm or cause distress to your patient/client
- Do not take away anything from your patient/client, their carers, colleagues or employer
- Act in a fair and just manner towards your patients and colleagues.

## ২.১৭ ধারা ১৭

### পেশাগত যোগ্যতায় প্রত্যক্ষ বা পরোক্ষ কোনভাবেই রাজনৈতিক কর্মকাণ্ডের সঙ্গে জড়িত না হওয়া

- রোগীর সঙ্গে রাজনৈতিকভাবে যুক্ত হবেন না
- রোগীর উপর অযথা রাজনৈতিক প্রভাব বিস্তার করবেন না
- আপনার পেশাগত যোগ্যতাকে কোন রাজনৈতিক কর্মপন্থা প্রচারের কাজে ব্যবহার করবেন না
- পেশাজীবী সহকর্মীদের রাজনৈতিক কর্মকাণ্ডে সম্পৃক্ত করবেন না।

## ২.১৮ ধারা ১৮

### বাংলাদেশ নার্সিং কাউন্সিলের সাথে নিবন্ধীকৃত থাকা এবং নিবন্ধন (রেজিস্ট্রেশন) সম্পর্কিত সকল নিয়ম-কানুন মেনে চলা

- আপনার নিবন্ধন (রেজিস্ট্রেশন) হালনাগাদ করা আছে কিনা এ বিষয়ে  নিশ্চিত হোন
- পরীক্ষক হওয়া, পরীক্ষা পরিচালনা করা ইত্যাদি কর্মকাণ্ডের জন্য বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক আরোপিত অবশ্যপূরণীয় শর্তাবলী মেনে চলুন
- পেশার মান উন্নয়নে কাউন্সিলের সঙ্গে কাজ করুন।



## 2.17 Clause 17

### Do not engage in any political activities either directly or indirectly in a professional capacity

- Do not engage with patients/clients in a political way
- Do not unduly influence patients/clients politically
- Do not canvas on a political platform using one's professional qualification
- Do not engage professional colleagues in political activities.

## 2.18 Clause 18

### Maintain current registration with the BNC and adhere to all its rules and regulations

- Ensure your registration is up to date.
- Comply with the requirements as laid down by the BNC for activities such as being an examiner, conducting examinations etc
- Work with the Council to promote the professional standards.

## ৩ পেশাগত অসদাচরণ

নৈতিক ও পেশাগত আচরণবিধিতে উল্লিখিত কোন আচরণের প্রমিত মানের সঙ্গে অসঙ্গতিপূর্ণ হয় এমন কোন কাজ যদি কোন নার্স, ধাত্রী বা পরিবার কল্যাণ পরিদর্শিকা করেন তবে তিনি পেশাগত অসদাচরণ করেছেন বলে চিহ্নিত হবেন।

এ ধরনের অসদাচরণের সম্ভাব্য পরিণতি হতে পারে ঃ

* রোগীর ক্ষতি
* পেশাগত সম্পর্কের অপব্যবহার
* পেশার সুনাম ক্ষুণ্ণ।

যদি কোন নার্স, ধাত্রী বা পরিবার কল্যাণ পরিদর্শিকার বিরুদ্ধে পেশাগত আচরণবিধি লঙ্ঘনের প্রমাণ পাওয়া যায়, তবে তা পেশাগত অসদাচরণ হিসেবে গণ্য করা হবে। এর ফলে পেশাদারী নিয়ন্ত্রক সংস্থা হিসেবে বাংলাদেশ নার্সিং কাউন্সিল তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।



## 3 Professional Misconduct

Professional Misconduct is defined as any act or omission on the part of the Nurse, Midwife or Family Welfare Visitor that contravenes the standards as laid down in the Code of Ethics & Professional Conduct.

A contravention of this could potentially result in:

* Harm to the patient
* Abuse of the professional relationship
* The reputation of the profession being bought into disrepute.

If any Nurse, Midwife or Family Welfare Visitor is found guilty of contravening the Code of Ethics & Professional Conduct it will be deemed professional misconduct & may result in action being taken against the Nurse, Midwife or Family Welfare Visitor by the Bangladesh Nursing Council as the professional regulatory body.

## ৪ মূল শব্দ ও ধারণা

### ৪.১ নার্সিং

নার্সিং স্বাস্থ্যসেবা প্রদানের একটি অবিচ্ছেদ্য অংশ। কমিউনিটিসহ সকল স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে স্বাস্থ্যোন্নতি ও রোগ প্রতিরোধ নার্সিং-এর অন্তর্ভুক্ত। তাই নার্সিং-এর কাজ জন্ম থেকে মৃত্যু পর্যন্ত সব বয়সের মানুষের শারীরিক ও মানসিক রোগ এবং পঙ্গুত্বের সেবা করা। স্বাস্থ্যসেবার এই ব্যাপক পরিধিতে নার্সদের বিশেষ করণীয় হল ঃ মানুষের ব্যক্তিগত, পারিবারিক এবং দলগতভাবে প্রকৃত বা সুপ্ত স্বাস্থ্য সমস্যা সমাধানের প্রচেষ্টাকে সহায়তা করা।

নার্স, ধাত্রী ও পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ বাংলাদেশ নার্সিং কাউন্সিল অনুমোদিত নির্দিষ্ট কোর্স কাউন্সিল কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান থেকে সফলতার সঙ্গে সম্পন্ন করে থাকেন। এরপর দেশে প্র্যাকটিস করার জন্য তারা বাংলাদেশ নার্সিং কাউন্সিলে রেজিস্টার্ড/নিবন্ধীকৃত হয়ে থাকেন।

### ৪.২ নার্সিং এবং নার্সিং-এর সঙ্গে সম্পর্কযুক্ত পেশার পেশাগত প্র্যাকটিস

একজন রেজিস্টার্ড নার্স, ধাত্রী ও পরিবার কল্যাণ পরিদর্শিকা সরকারি আইন-কানুন অনুযায়ী এই প্র্যাকটিস করে থাকেন।



## 4 Key Words & Concepts

### 4.1 Nursing

Nursing is an integral part of the delivery of healthcare. It encompasses the promotion of health and prevention of illness across all health care, including the community. It includes care of both physical and mental illness, as well as the disabled from birth to death. Within this broad spectrum of health care, the aspects of particular concern to the nurse are the individual, the family and group responses to actual or potential health problems.

The Nurse, Midwife or FWV will have successfully completed a BNC approved course of Nurse, Midwifery or FWV (family welfare visitors) training and education, from a BNC approved educational institution for Nursing, Midwifery or FWV and will have subsequently registered with the Bangladesh Nursing Council to practice in Bangladesh.

### 4.2 Professional and allied professional nursing practice

This is defined as the accepted practice of a registered Nurse, Midwife or FWV as per

তাদের নিজ নিজ ভূমিকা ও দায়িত্ব পালনের জন্য প্রশিক্ষণ পাঠক্রম অনুসৃত হয়।

## ৪.৩ মৌলিক ধারণাসমূহ

সুস্থতা প্রত্যেক ব্যক্তির একটি মৌলিক অধিকার। অতএব নার্সিং পেশাদার ও নার্সিং পেশার সঙ্গে সম্বন্ধযুক্ত অন্যান্য পেশাজীবী ব্যক্তিবর্গের প্রাথমিক দায়িত্ব হল ঃ যে কোন মূল্যে মানুষের স্বাস্থ্য রক্ষা করা। এই দায়িত্বের মধ্যে রয়েছে স্বাস্থ্যের উন্নতি, রোগ প্রতিরোধ, রোগীর কষ্ট দূরীকরণ ও ভগ্ন স্বাস্থ্যের পুনরুদ্ধার।

## ৪.৪ সেবার প্রমিত মান

কোন নির্দিষ্ট জনগোষ্ঠীর জন্য নার্স, ধাত্রী ও পরিবার কল্যাণ পরিদর্শিকা কর্তৃক প্রদত্ত পেশাজীবীদের সম্মতিক্রমে গৃহীত সেবার মানকেই প্রমিত মান ধরা হয়েছে। এই মান হবে অর্জনীয়, পর্যবেক্ষণীয়, আকাঙ্ক্ষণীয় এবং পরিমেয়।

## ৪.৫ জবাবদিহিতা

নার্স, ধাত্রী ও পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ স্ব স্ব প্র্যাকটিসের ক্ষেত্রে তাদের বিচার-বিবেচনা ও কাজের জন্য দায়িত্ব পালন করবেন ও দায়বদ্ধ থাকবেন।



Governmental rules and regulation identified in the curricula of educational programmes for the preparation of Nurses, Midwives or FWV's in the roles and responsibilities of a qualified Nurse, Midwife or FWV.

## 4.3 Fundamental Concepts

Health is a fundamental right of every individual and therefore the nursing professional and those allied to the nursing profession have a primary responsibility to preserve health at all cost. This responsibility encompasses promotion of health, prevention of illness, alleviation of suffering and restoration of health.

## 4.4 Standard

The standard is defined as a professionally agreed level of performance by the Nurse, Midwife or FWV for a particular population that is achievable, observable, desirable and measurable.

## 4.5 Accountability

The Nurse, Midwife or FWV assumes responsibility and accountability for his/her own judgement and actions in their respective practice areas.